পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
এস টাওয়ার, ২৮/১, পশ্চিম তেজতুরি বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
S Tower, 28/1, West Tejturi Bazar, Tejgaon, Dhaka-1215

স্মারক নংঃ পদ/পক/এইচ.আর এন্ড এডমিন/২০২৪/৯৪৫৩ তারিখঃ ২২/১২/২০২৪ খ্রিস্টাব্দ

# অফিস সার্কুলার

**বিষয়ঃ সংস্থার ব্রাঞ্চ, এরিয়া ও জোন পর্যায়ে এবং প্রধান কার্যালয়, পিআইডিএম, পদক্ষেপ প্রিন্টিং এন্ড প্যাকেজিং, পদক্ষেপ স্কুল অ্যান্ড কলেজ ও প্রমিস ফার্মেসি অ্যান্ড ইজি শপ-এ কর্মরত কর্মীদের "দুপুরের খাবার ভাতা" বা "Lunch Allowance" এর পরিমান বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্রঃ (১) পদ/পক/এইচ.আর এন্ড এডমিন/২০১৯/৩৯৭০, তারিখঃ ৩০/১০/২০১৯ খ্রিষ্টাব্দ। (২) পদ/পক/এইচ.আর এন্ড এডমিন/২০১৯/৩৯৭১, তারিখঃ ৩০/১০/২০১৯ খ্রিষ্টাব্দ। (৩) পদ/পক/এইচ.আর এন্ড এডমিন/২০২৩/৩৮৩৯, তারিখঃ ৩১/০৭/২০২৩ খ্রিষ্টাব্দ।

ক. উপর্যুক্ত স্মারক সূত্র মোতাবেক সংস্থার ব্রাঞ্চ, এরিয়া ও জোন পর্যায়ে এবং প্রধান কার্যালয়, পিআইডিএম, পদক্ষেপ প্রিন্টিং এন্ড প্যাকেজিং, পদক্ষেপ স্কুল অ্যান্ড কলেজ ও প্রমিস ফার্মেসি অ্যান্ড ইজি শপ-এ কর্মরত সকল কর্মীদের দায়িত্ব পালনকালীন প্রতি কর্মদিবসের জন্য জনপ্রতি ৭০/- টাকা হারে "দুপুরের খাবার ভাতা" বা "Lunch Allowance" প্রদান চলমান আছে। এক্ষেত্রে ব্রাঞ্চ, এরিয়া ও জোন পর্যায়ের কর্মীগণ লাঞ্চ ভাতা নগদে প্রাপ্য হচ্ছে। অপরদিকে, প্রধান কার্যালয়, পিআইডিএম, পদক্ষেপ প্রিন্টিং এন্ড প্যাকেজিং, পদক্ষেপ স্কুল অ্যান্ড কলেজ ও প্রমিস ফার্মেসি অ্যান্ড ইজি শপ এর সকল কর্মীগণ লাঞ্চ ভাতা নগদে প্রাপ্য না হয়ে পিআইডিএম থেকে সরবরাহকৃত লাঞ্চ গ্রহণের বিপরীতে লাঞ্চ প্রতি সংস্থার অংশ বাবদ ৭০/- টাকা এবং কস্ট শেয়ারিংয়ের আওতায় কর্মীর অংশ বাবদ ৭০/- টাকা সহ মোট ১৪০/- টাকা করে পিআইডিএমকে প্রদান করা হচ্ছে।

খ. দেশের চলমান মূল্যস্ফিতি ও দ্রব্যমূল্যের ক্রমাগত উর্ধ্বগতি বিবেচনায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক উপর্যুক্ত কার্যালয় সমূহে কর্মরত সকল কর্মীদের জন্য বর্তমানে **প্রচলিত প্রতি কর্মদিবসে জনপ্রতি লাঞ্চ ভাতার পরিমাণ ৭০/- (সত্তর) টাকা থেকে ৩০/- (ত্রিশ) টাকা বৃদ্ধি করে ১০০/- (একশত) টাকায় উন্নীত করা হলো।**

গ. ব্রাঞ্চ, এরিয়া ও জোন পর্যায়ের কর্মীগণ **দুপুরের খাবার ভাতা বাবদ ১০০/- (একশত) টাকা পূর্বের ন্যায় মাসিক বেতনের সাথে নগদে প্রাপ্য হবে** এবং প্রধান কার্যালয়, পিআইডিএম, পদক্ষেপ প্রিন্টিং এন্ড প্যাকেজিং, পদক্ষেপ স্কুল অ্যান্ড কলেজ ও প্রমিস ফার্মেসি অ্যান্ড ইজি শপ-এ কর্মরত সকল কর্মীদের দুপুরের খাবার ভাতা নন-ক্যাশ ভাতা হিসেবে বিবেচিত হবে। সেক্ষেত্রে প্রধান কার্যালয়, পিআইডিএম, পদক্ষেপ প্রিন্টিং এন্ড প্যাকেজিং, পদক্ষেপ স্কুল অ্যান্ড কলেজ ও প্রমিস ফার্মেসি অ্যান্ড ইজি শপ-এ কর্মরত কর্মীদের দুপুরের খাবার যথারীতি পিআইডিএম থেকে সরবরাহ অব্যাহত থাকবে এবং লাঞ্চ প্রতি ১৪০/- (একশত চল্লিশ) টাকা করে পিআইডিএমকে পরিশোধ করা হবে। যার মধ্যে **সংস্থার অংশ বাবদ ১০০/- (একশত) টাকা স্ব স্ব কর্মীর কর্মস্থল / ব্যবস্থাপনা ইউনিট হতে এবং কস্ট শেয়ারিংয়ের আওতায় কর্মীর অংশ বাবদ ৪০/- (চল্লিশ) টাকা কর্মীর বেতন থেকে কর্তন** করা হবে।

ঘ. **অত্র অফিস সার্কুলার ০১/০১/২০২৫ খ্রিস্টাব্দ থেকে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।**

ঙ. এছাড়া স্মারক সূত্রে বর্ণিত এতদ্ সংক্রান্ত অফিস সার্কুলার এর বর্ণিত অন্যান্য বিষয় ও শর্তাবলী সমূহ অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকলকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

**(মোঃ সালেহ বিন সামস)**
**নির্বাহী পরিচালক**

**অনুলিপি (সদয় অবগতির জন্য)**
প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।

**অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ (ই-মেইলে প্রেরিত হলো)**
১) পরিচালক, মাইক্রোফিন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম উইং ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২) পরিচালক, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) বিভাগ, প্রধান কার্যালয়।
৩) সকল উইং / বিভাগ / ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
৪) সিনিয়র সহকারী পরিচালক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয় **(অফিস সার্কুলারটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের জন্য)।**
৫) সকল ব্রাঞ্চ / এরিয়া / জোন অফিস প্রধান, মাইক্রোফিন্যান্স কর্মসূচি।
৬) প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল কর্মীবৃন্দ।
৭) অফিস কপি।